“সে ব্যক্তি ঈমানের স্বাদ পেয়েছে, যে রব হিসেবে আল্লাহকে, দীন হিসেবে ইসলামকে এবং রাসূল হিসেবে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কে সন্তুষ্ট চিত্তে স্বীকার করেছে”।

আব্বাস ইবনু আবদুল মুত্তালিব রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছেন: “সে ব্যক্তি ঈমানের স্বাদ পেয়েছে,
যে রব হিসেবে আল্লাহকে, দীন হিসেবে ইসলামকে এবং রাসূল হিসেবে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কে সন্তুষ্ট চিত্তে স্বীকার করেছে”।
[সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদেরকে বলেন, একজন সত্যিকার মুমিন যে তার ঈমানে আন্তরিক এবং যার অন্তর ঈমান দ্বারা প্রশান্ত সে তার হৃদয়ে উন্মুক্ততা, প্রসারতা, আনন্দ, মিষ্টতা এবং আল্লাহ তা‘আলার নৈকট্যের স্বাদ আস্বাদন ও উপলব্ধি করবে, যদি তিনি তিনটি বিষয়ে সন্তুষ্ট হন: প্রথমত: সে রব হিসাবে আল্লাহর প্রতি সন্তষ্ট। আর তা হল রুবুবিয়্যাহর(একমাত্র তিনিই রব এর) দাবি অনুসারে আল্লাহর তরফ থেকে তার ওপর জীবিকার যে বণ্টন ও অবস্থা আপতিত হয় তাতে তার অন্তর সম্পূর্ণ প্রশস্ত থাকবে এবং তার অন্তরে কোন আপত্তি খুজে পাবে না। আর আল্লাহ ব্যতীত অন্য কোন রবকে অন্বেষণ করবে না। দ্বিতীয়ত: তিনি ইসলামকেই দ্বীন হিসেবে পছন্দ করল। আর তা হল ইসলাম যেসব আবশ্যক (ওয়াজিব) ও গুরু দায়িত্ব অন্তর্ভুক্ত করে তার প্রতি তার হৃদয় উন্মুক্ত থাকবে এবং ইসলামের পথ ছাড়া অন্য কিছু সন্ধান করবে না। তৃতীয়ত: তিনি মুহাম্মাদ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামকে রাসূল হিসাবে পছন্দ করবেন। আর তা হল তিনি যা কিছু নিয়ে এসেছেন তার প্রতি তাঁর হৃদয় উন্মুক্ত থাকবে এবং বিনা দ্বিধায় বা সন্দেহ ছাড়াই তার প্রতি খুশি প্রকাশ করবে এবং তার আদর্শ ছাড়া কোনো পথ অনুসরণ করবে না।

http://sunnah.global/hadeeth/bn/show/65116